

বিজিএ/এডমিন/২০২৩/৭৯

১০ এপ্রিল ২০২৩

সম্মানিত সকল সদস্য

বিজিএমইএ।

বঙ্গবাজারের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর আহ্বান

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

রমজানুল মোবারক। রহমত, মাগফিরাত ও নাজাতের মাহে রমজানের আজ ১৮ তম দিন। রমজান মহান আল্লাহ তাআলার অধিক থেকে অধিকতর নৈকট্য লাভের সেরা সময়। হাদিসে বর্ণিত আছে যে, অসহায়দের প্রতি সাহায্যের হাত সম্প্রসারিত করে বিপুল সওয়াব লাভের সর্বোত্তম সময় হচ্ছে মাহে রমজান। রমজান সামাজিক সহর্মিতা ও ভ্রাতৃত্ব বোধ সৃষ্টি করে।


আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, গত ০৪ এপ্রিল ২০২৩ তারিখ বঙ্গবাজারে স্মরণকালের ভয়াবহ অগ্নিকান্ড সংঘটিত হয়। বঙ্গবাজারে উক্ত অগ্নিকান্ডের ঘটনায় বিজিএমইএ গভীরভাবে শোকাহত ও মর্মামত। দূর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর জন্য বিজিএমইএ সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিজিএমইএ গভীরভাবে বিশ্বাস করে যে, উক্ত অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের সহায়তায় এগিয়ে আসা সর্ববৃহৎ রপ্তানীকারক খাত হিসেবে তৈরী পোশাক শিল্পের একটি সামাজিক দায়িত্ব। সুতরাং ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে সম্মানিত পোশাক শিল্প মালিকদের নিজ নিজ সামর্থ অনুযায়ী অনুদান নিশ্চে উল্লেখিত একাউন্টে জমা প্রদানের জন্য একান্তভাবে অনুরোধ করছি। আপনার অনুদানের অর্থ আপনার হয়ে আমরা ক্ষতিগ্রস্তদের হাতে তুলে দিবো।

আপনাদের অনুদানের অর্থ একাউন্ট পে-চেক/পে-অর্ডার/ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে নিশ্চেবর্ণিত একাউন্টে জমা প্রদান করা যাবে।

A/C Name	: BGMEA Disaster Relief Account
A/C No.	: 1017124226001
Bank	: IFIC Bank Ltd., Kawran Bazar Branch (Router No. : 120262531)
Address	: 03, Petro Centre, Kawran Bazar, Dhaka-1215

অনুদান প্রদানের ক্ষেত্রে প্রয়োজনে বিজিএমইএ'র কর্মকর্তা জনাব সঞ্জীব প্রসাদ ঘোষ, সিনিয়র উপ-প্রধান হিসাবরক্ষক (মোবাইলঃ ০১৭৫৫-৬১৮৩০৮) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •